প্রাপক ও পরিচর্যাকারীদের জন্য তথ্যপত্র

12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের করোনাভাইরাস অসুখ 2019 (কোভিড-19) হওয়া আটকানোর জন্য Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের আপতকালীন ব্যবহারের অনুমোদন (EUA)

SARS-CoV-2 -এর কারণে হওয়া করোনাভাইরাস অসুখ 2019 (কোভিড-19) আটকানোর জন্য আপনাকে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার প্রস্তাব দেওয়া হচ্ছে। এই তথ্য পত্রে সেইসব তথ্য দেওয়া আছে যা আপনাকে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের ঝুঁকি ও সুবিধাগুলি বুঝতে সাহায্য করবে, বর্তমানে কোভিড-19 অতিমারী চলছে বলে যে ভ্যাকসিনটি আপনি পেতে পারেন।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন একটি টিকা বা ভ্যাকসিন যা আপনার কোভিড-19 হওয়া আটকাতে পারে। কোভিড19 আটকানোর জন্য কোনো U.S. ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) অনুমোদিত ভ্যাকসিন নেই।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন সম্বন্ধে তথ্যের জন্য এই তথ্য পত্রটি পড়ুন। আপনার কোনো প্রশ্ন থাকলে ভ্যাকসিন প্রদানকারীর সাথে কথা বলুন। Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন নেওয়া আপনার ইচ্ছার ওপরে।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন পেশীতে, 3 সপ্তাহের ব্যবধানে 2টি ডোজ হিসাবে দেওয়া হয়।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন হয়ত সবাইকে সুরক্ষা দিতে পারবে না।

তথ্য পত্রটি আপডেট করা হতে পারে। সাম্প্রতিকতম তথ্য পত্রের জন্য অনুগ্রহ করে www.cvdvaccine.com-এ যান।

এই ভ্যাকসিন নেওয়ার আগে আপনাকে কী জানতে হবে?

কোভিড-19 কী?

SARS-CoV-2 করোনাভাইরাসের কারণে কোভিড-19 হয়। এইধরনের করোনাভাইরাস আগে দেখা যায়নি। ভাইরাস থাকা কোনো ব্যক্তির সংস্পর্শ থেকে আপনার কোভিড-19 হতে পারে। এটি প্রধানত শ্বাসযন্ত্রের অসুখ যা অন্য অঙ্গ-প্রত্যঙ্গকেও প্রভাবিত করতে পারে। কোভিড-19 থাকা ব্যক্তিদের নানা ধরনের উপসর্গ দেখা দিয়েছে, খুব হালকা উপসর্গ থেকে শুরু করে গুরুতর অসুখ অবধি। ভাইরাসের সংস্পর্শে আসার 2 থেকে 14 দিন পরে উপসর্গগুলি দেখা দেওয়া শুরু করতে পারে। উপসর্গের মধ্যে পড়ে: জ্বর বা কাঁপুনি; নিশ্বাসের সমস্যা; ক্লান্তি; পেশী বা গায়ে ব্যথা; মাথা ব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধের অনুভূতি চলে যাওয়া; গলা ব্যথা; নাক বন্ধ বা নাক থেকে জল পড়া; বমিভাব বা বমি হওয়া; পেট খারাপ।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন কী?

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন একটি অননুমোদিত টিকা বা ভ্যাকসিন যা কোভিড-19 হওয়া আটকাতে পারে। কোভিড19 আটকানোর কোনো FDA-অনুমোদিত ভ্যাকসিন নেই।

12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের করোনাভাইরাস অসুখ 2019 (কোভিড-19) হওয়া আটকানোর জন্য FDA, আপতকালীন ব্যবহারের অনুমোদন (EUA)-এর অধীনে জরুরি পরিস্থিতিতে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন ব্যবহারের অনুমতি দিয়েছে।

EUA সম্বন্ধে আরো তথ্যের জন্য এই তথ্য পত্রের শেষে **"আপতকালীন ব্যবহারের অনুমোদন (EUA) কী" দেখুন।**

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার আগে আপনাকে ভ্যাকসিন প্রদানকারীকে কী কী বলতে হবে?

আপনার ভ্যাকসিন প্রদানকারীকে আপনার সবরকম মেডিকেল পরিস্থিতির কথা জানান, এও জানান যদি আপনার:

- কোনো এলার্জি থাকে
- জ্বর হয়ে থাকে
- কোনো রকম রক্তপাতের সমস্যা থাকে বা ব্লাড থিনার গ্রহণ করেন
- যদি ইমিউনোকম্প্রোমাইজড হন বা এমন কোনো ওষুধ খান যা আপনার রোগ-প্রতিরোধ ক্ষমতাকে প্রভাবিত করে
- গর্ভবতী হন বা গর্ভধারণের পরিকল্পনা থাকে
- স্তন্যপান করান
- অন্য কোনো কোভিড-19 ভ্যাকসিন নিয়ে থাকেন
- কোনোরকম ইঞ্জেকশন নেওয়ার ঘটনায় জ্ঞান হারিয়ে থাকেন

কারা Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন পাবে?

FDA, 12 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য জরুরি পরিস্থিতিতে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন ব্যবহারের অনুমতি দিয়েছে।

কারা Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন পাবে <u>না</u>?

আপনি Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন পাবেন না, যদি আপনার:

- এই ভ্যাকসিনের আগের ডোজে গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে
- এই ভ্যাকসিনের কোনো উপাদানে গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া হয়ে থাকে

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের উপাদানগুলি কী কী?

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের মধ্যে নিম্নলিখিত উপাদানগুলি থাকে: mRNA, লিপিডস ((4-hydroxybutyl)azanediyl)bis(hexane-6,1-diyl)bis(2-hexyldecanoate), 2 [(polyethylene glycol)-2000]-N,N-ditetradecylacetamide, 1,2-Distearoyl-sn-glycero-3-phosphocholine, কোলেস্টেরল), পটাশিয়াম ক্লোরাইড, মোনোবেসিক পটাশিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড, ডিবেসিক সোডিয়াম ফসফেট ডিহাইড্রেট ও সুক্রোজ।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন কীভাবে দেওয়া হয়?

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন আপনার পেশীতে ইঞ্জেকশন দেওয়ার মাধ্যমে দেওয়া হবে।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন হলো একটি ভ্যাকসিনেশন সিরিজ, যা 3 সপ্তাহের ব্যবধানে 2টি ডোজে দেওয়া হয়।

আপনি যদি Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের একটি ডোজ নিয়ে থাকেন, তাহলে ভ্যাকসিনেশন সিরিজ সম্পূর্ণ করার জন্য আপনাকে 3 সপ্তাহ পরে দ্বিতীয় ডোজ নিতে হবে।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন কী আগে ব্যবহার করা হয়েছে?

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন একটু অননুমোদিত ভ্যাকসিন। ক্লিনিকাল ট্রায়ালে, 12 বছর ও তার বেশি বয়সের আনুমানিক 23,000 জন ব্যক্তি Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের অন্তত 1টি করে ডোজ পেয়েছে।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের সুবিধাগুলি কী কী?

চলমান একটি ক্লিনিকাল ট্রায়ালে দেখা গেছে যে 3 সপ্তাহের ব্যবধানে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের 2টি ডোজ দিলে তা কোভিড-19 আটকাতে পারে। কোভিড-19 থেকে সুরক্ষা দেওয়ার সময়কাল বর্তমানে জানা নেই।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের ঝুঁকিগুলি কী কী?

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের কারণে গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া হওয়ার খুব বিরল সম্ভাবনা রয়েছে। Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের ডোজ নেওয়ার কয়েক মিনিট থেকে এক ঘন্টার মধ্যে গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া দেখা দিতে পারে। এই কারণে আপনার ভ্যাকসিন প্রদানকারী, ভ্যাকসিনেশনের পরে, আপনি যেখানে ভ্যাকসিন নিয়েছেন সেই জায়গায় আপনাকে কিছুক্ষণ থাকতে বলতে পারেন, যাতে আপনার ওপর নজর রাখা যায়। গুরুতর এলার্জিক প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে থাকতে পারে:

- নিশ্বাসের সমস্যা
- মুখ ও গলা ফুলে যাওয়া
- দ্রুত হৃৎস্পন্দন
- সারা গায়ে বাজে লাল চাকা চাকা দাগ
- মাথা ঘোরা ও দুর্বলতা

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের ক্ষেত্রে যে পার্শ্বপ্রতিক্রিয়াগুলির কথা জানা গেছে, তার মধ্যে পড়ে:

- গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া
- এলার্জিক প্রতিক্রিয়া যা তেমন গুরুতর নয়, যেমন র‍্যাশ, চুলকানি, হাইভস বা মুখ ফুলে যাওয়া
- ইঞ্জেকশন দেওয়ার জায়গায় ব্যথা
- ক্লান্তি
- মাথা ব্যথা
- পেশীতে ব্যথা
- কাঁপুনি
- গাঁটে ব্যথা
- জ্বর
- ইঞ্জেকশন দেওয়ার জায়গা ফুলে যাওয়া
- ইঞ্জেকশন দেওয়ার জায়গা লাল হয়ে যাওয়া
- বমিভাব
- শরীর খারাপ লাগা
- লিম্ফ নোড ফুলে যাওয়া (লিম্ফেডেনোপ্যাথি)
- ডায়রিয়া বা পেট খারাপ
- বমি হওয়া
- হাতে ব্যথা

এগুলি হয়ত Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের সবকটি সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া নয়। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে। Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনটি এখনো ক্লিনিকাল ট্রায়ালে অধ্যয়ন করা হচ্ছে।

পার্শ্বপ্রতিক্রিয়াগুলির বিষয়ে আমার কী করা উচিত?
আপনার যদি গুরুতর এলার্জিক প্রতিক্রিয়া হয়, তাহলে 9-1-1-এ ফোন করুন অথবা নিকটতম হাসপাতালে যান।

কোনো পার্শ্বপ্রতিক্রিয়া যদি আপনাকে বিব্রত করে অথবা চলে না যায়, তাহলে ভ্যাকসিন প্রদানকারী বা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে ফোন করুন।

ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়াগুলি **FDA/CDC ভ্যাকসিন বিরুপ ঘটনা রিপোর্টিং সিস্টেমে (Vaccine Adverse Event Reporting System) (VAERS)** জানান। VAERS-এর টোল-ফ্রি নম্বর হলো 1-800-822-7967 বা অনলাইন রিপোর্ট করুন, এখানে https://vaers.hhs.gov/reportevent.html। অনুগ্রহ করে রিপোর্ট ফর্মের বক্স#18-এর প্রথম লাইনে "Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন EUA" লিখুন।

এছাড়াও আপনি Pfizer Inc.-এ নিচে দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে পার্শ্বপ্রতিক্রিয়ার কথা রিপোর্ট করতে পারেন।

ওয়েবসাইট	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বর
www.pfizersafetyreporting.com	1-866-635-8337	1-800-438-1985

আপনাকে হয়ত v-safe-এ নাম লেখানোর বিকল্পও দেওয়া হবে। V-safe একটি নতুন ঐচ্ছিক স্মার্টফোন-ভিত্তিক যন্ত্র যা টেক্সট মেসেজিং ও ওয়েব সমীক্ষা ব্যবহার করে যেসব ব্যক্তিরা ভ্যাকসিন নিয়েছেন তাদের খবর রাখে, যাতে কোভিড-19 ভ্যাকসিনেশনের পরে সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলি সনাক্ত করা যায়। V-safe এরকম প্রশ্ন জিজ্ঞাসা করে যা CDC-কে কভিড-19 ভ্যাকসিনের নিরাপত্তার ওপরে নজর রাখতে সাহায্য করে। V-safe প্রয়োজন হলে দ্বিতীয় ডোজের কথা মনেও করিয়ে দেয় ও অংশগ্রহণকারীরা যদি কোভিড-19 ভ্যাকসিন পরবর্তী স্বাস্থ্যের ওপরে কোনো গুরুত্বপূর্ণ প্রভাবের কথা জানায়, তাহলে CDC দ্বারা টেলিফোনের মাধ্যমে লাইভ ফলো-আপও করা হয়। আরো জানার জন্য, এখানে যান: www.cdc.gov/vsafe.

আমি যদি Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন না নেওয়ার সিদ্ধান্ত নিই, তাহলে কী হবে?
আপনি Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন নেবেন কি নেবেন না, তা পুরোপুরি আপনার ইচ্ছার ওপরে। আপনি যদি এটি না নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে তা আপনার স্ট্যান্ডার্ড মেডিকেল যত্নের ওপরে কোনো প্রভাব ফেলবে না।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন ছাড়া কোভিড-19 আটকানোর আর কী কী বিকল্প আছে?
বর্তমানে, কোভিড-19 আটকানোর কোনো অনুমোদিত বিকল্প ভ্যাকসিন নেই। আপতকালীন ব্যবহারের অনুমতি-র অধীনে কোভিড-19 আটকানোর জন্য অন্য ভ্যাকসিন পাওয়া যেতে পারে।

আমি কি অন্য ভ্যাকসিনের সাথে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন নিতে পারি?
অন্য কোনো ভ্যাকসিনের সাথে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন ব্যবহার সম্পর্কে কোনো তথ্য নেই।

আমি গর্ভবতী থাকলে বা স্তন্যপান করালে কী হবে?
আপনি যদি গর্ভবতী হন বা স্তন্যপান করান, তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সঙ্গে আপনার জন্য থাকা বিকল্পগুলি নিয়ে আলোচনা করুন।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন কি আমাকে কোভিড-19 দেবে?

না। Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন-এ SARS-CoV-2 থাকে না এবং তা আপনাকে কোভিড-19 দিতে পারে না।

আপনার ভ্যাকসিনেশন কার্ড রেখে দিন

আপনি যখন প্রথম ডোজটি পাবেন, তখন আপনি একটি ভ্যাকসিনেশন কার্ড পাবেন যা Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন-এর দ্বিতীয় ডোজের জন্য আপনাকে কবে আবার আসতে হবে তা বলবে। আবার আসার সময় কার্ডটি মনে করে নিয়ে আসবেন।

অতিরিক্ত তথ্য

আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তাহলে নিচে দেওয়া ওয়েবসাইটে যান বা টেলিফোন নম্বরে ফোন করুন।

সাম্প্রতিকতম তথ্য পত্রটি পাওয়ার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

	টেলিফোন নম্বর
www.cvdvaccine.com	1-877-829-2619 (1-877-VAX-CO19)

আমি এ বিষয়ে কীভাবে আরো জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।
- CDC-এর জন্য এখানে যান https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html.
- FDA-এর জন্য এখানে যান https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal-regulatory-and-policy-framework/emergency-use-authorization.
- আপনার রাজ্য বা স্থানীয় সরকারি স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করুন।

আমার ভ্যাকসিনেশনের তথ্য কোথায় রেকর্ড করা হবে?

ভ্যাকসিনেশন প্রদানকারী হয়ত আপনার ভ্যাকসিনের তথ্য রাজ্য/স্থানীয় অধিক্ষেত্রের ইমিউনাইজেশন ইনফরমেশন সিস্টেমে (IIS) বা অন্যান্য মনোনীত সিস্টেমে অন্তর্ভুক্ত করবেন। আপনি দ্বিতীয় ডোজের জন্য যখন ফেরত আসবেন তখন আপনি যে একই ভ্যাকসিন পাচ্ছেন, তা এর ফলে নিশ্চিত করা যাবে। IIS সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে যান: https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html.

কোভিড-19 ভ্যাকসিনটি নেওয়ার জন্য কি আমার কাছ থেকে কোনো ওষুধ প্রয়োগ করার পারিশ্রমিক নেওয়া যেতে পারে?

না। এই মুহূর্তে প্রদানকারী ভ্যাকসিনের ডোজের জন্য আপনার থেকে কোনো অর্থ নিতে পারবেন না এবং আপনি যদি শুধুই কোভিড-19 ভ্যাকসিন নেন, তাহলে আপনাকে নিজের পকেট থেকে ওষুধ প্রয়োগের জন্য বা অন্য কোনো কারণে অর্থ দিতে হবে না। যদিও, ভ্যাকসিন প্রদানকারীরা এরকম কোনো কর্মসূচি বা পরিকল্পনার থেকে যথাযথ অর্থ ফেরত পাওয়ার চেষ্টা করতে পারে, যারা ভ্যাকসিন প্রাপকের ক্ষেত্রে কোভিড-19 ভ্যাকসিন প্রয়োগের খরচটি কভার করে (বেসরকারী বীমা, মেডিকেয়ার, Medicaid, বীমাহীন প্রাপকের ক্ষেত্রে হেলথ রিসোর্সেস অ্যান্ড সার্ভিসেস অ্যাডমিনিস্ট্রেশন [HRSA]

COVID-19 আনইনসিওরড প্রোগ্রাম)।

কোনোরকম প্রতারণা সন্দেহ করলে আমি কোথায় তা জানাতে পারি?

কোনো ব্যক্তি যদি CDC কোভিড-19 ভ্যাকসিন কর্মসূচির আবশ্যকতাগুলির কোনোরকম সম্ভাব্য উলঙ্ঘনের কথা জানতে পারেন, তাহলে সেই ব্যক্তিকে তা ইনস্পেক্টর জেনারেল-এর অফিস, U.S. ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস-এ, 1-800-HHS-TIPS-এ অথবা https://TIPS.HHS.GOV-তে জানাতে বলা হচ্ছে।

আঘাতের ক্ষতিপূরণ পদক্ষেপ কর্মসূচি কী?

আঘাতের ক্ষতিপূরণ পদক্ষেপ কর্মসূচি (কাউন্টারমেজারস ইনজুরি কম্পেনসেশন প্রোগ্রাম) (CICP) একটি ফেডেরাল কর্মসূচি যা সেরকম ব্যক্তিদের মেডিকেল চিকিৎসার খরচ ও অন্যান্য নির্দিষ্ট ব্যয় পরিশোধ করতে সাহায্য করতে পারে, যারা এই ভ্যাকসিন সহ নির্দিষ্ট কোনো ওষুধ বা ভ্যাকসিন দ্বারা গুরুতরভাবে আঘাতপ্রাপ্ত হয়েছে। সাধারণত, ভ্যাকসিন পাওয়ার তারিখের এক (1) বছরের মধ্যে CICP-তে দাবি জমা দিতে হয়। এই কর্মসূচি সম্পর্কে আরো জানার জন্য, এখানে যান www.hrsa.gov/cicp/ বা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

আপতকালীন ব্যবহারের অনুমোদন (EUA) কী?

ইউনাইটেড স্টেটস FDA, EUA নামক একটি জরুরি অ্যাকসেস পদ্ধতির অধীনে Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনকে ব্যবহারযোগ্য করেছে। সেক্রেটারি অফ হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS) (স্বাস্থ্য ও মানবসেবার সচিব)-এর এই ঘোষণা দ্বারা EUA সমর্থিত যে, কোভিড-19 মহামারীর সময়ে ওষুধ ও জৈবিক পণ্যের আপতকালীন ব্যবহার সমর্থন করার মতো পরিস্থিতি বিদ্যমান।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিন FDA-অনুমোদিত বা ছাড়পত্র পাওয়া পণ্যের মতো একই ধরনের পর্যালোচনার মধ্যে দিয়ে যায়নি। FDA, কোনো বিশেষ মানদণ্ড পূরণ হলেও EUA জারি করতে পারে, যার মধ্যে পড়ে অন্য কোনো উপযুক্ত, অনুমোদিত ও লভ্য বিকল্প না থাকা। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সেইসব সামগ্রিক বৈজ্ঞানিক তথ্যপ্রমাণের ওপর নির্ভর করে যা দেখায় যে কোভিড-19 মহামারীর সময়ে এই পণ্যটি কোভিড-19 আটকানোর ক্ষেত্রে কার্যকরী হবে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাগুলি পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকির থেকে বেশি। কোভিড-19 মহামারীর সময়ে ব্যবহৃত হওয়ার জন্য পণ্যটিকে এই সবকটি মানদণ্ড পূরণ করতে হবে।

Pfizer-BioNTech কোভিড-19 ভ্যাকসিনের EUA, এই পণ্যের আপতকালীন ব্যবহার সমর্থন করা কোভিড-19 EUA ঘোষণার সময়কাল অবধি কার্যকর, যদি না তা সমাপ্ত বা প্রত্যাহার করা হয় (তার পরে পণ্যটি আর ব্যবহার করা যাবে না)।

নির্মাতা
Pfizer Inc., New York, NY 10017

যার জন্য নির্মিত
BioNTech Manufacturing GmbH
An der Goldgrube 12
55131 Mainz, Germany

LAB-1451-4.2a

সংশোধিত: 10 মে 2021

ইলেকট্রনিক মেডিকেল রেকর্ডস/ইমিউনাইজেশন ইনফরমেশন সিস্টেমের জন্য ভ্যাকসিন প্রাপককে যে এই তথ্য পত্রটি দেওয়া হয়েছিল তা জানানোর জন্য এটি স্ক্যান করুন

বারকোড তারিখ: 05/2021

FDA এই অনুবাদটি একটি বিস্তৃত আন্তর্জাতিক পাঠকসম্প্রদায়ের জন্য পরিষেবা হিসেবে উপস্থিত করেছে। আমরা আশা করি আপনি এই অনুবাদটি প্রয়োজনীয় বলে মনে করবেন। যদিও এজেন্সিটি ইংরেজী সংস্করণের প্রতি যতটা বিশ্বস্ত থাকা সম্ভব সেই অনুযায়ী অনুবাদ করানোর চেষ্টা করেছে, তবুও আমরা স্বীকার করছি যে অনুবাদিত সংস্করণটি ইংরেজী সংস্করণের মতো যথাযথ, স্পষ্ট অথবা সম্পূর্ণ নাও হতে পারে। এই নথিটির আনুষ্ঠানিক বা অফিসিয়াল সংস্করণ হল ইংরেজী সংস্করণ।